



ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড ট্রেনিং (আইআরটি)

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দিনাজপুর - ৫২০০

স্মারক নং : হাবিপ্রবি/ আই.আর.টি./ ২৯৩৫

তারিখঃ ১২/০৭/২০২০

গবেষণা প্রকল্প আহ্বান

বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইআরটি'র তত্ত্বাবধানে গবেষণার জন্য ২০২০-২০২১ অর্থবছরে অর্থ বরাদ্দের নিমিত্তে সকল অনুষদের সম্মানিত শিক্ষকবৃন্দের কাছ থেকে ১ বছর মেয়াদী গবেষণা প্রকল্প আহ্বান করা যাচ্ছে। আগ্রহী শিক্ষকবৃন্দকে আইআরটি'র বর্ণিত নির্ধারিত ছকে (Proforma-আইআরটি'র ওয়েবসাইট) ০৩ (তিন) কপি গবেষণা প্রকল্প প্রস্তাবনা আগামী ২০/০৮/২০২০ ইং তারিখের মধ্যে পরিচালক আইআরটি কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। তবে কোন শিক্ষকের পক্ষে যথাসময়ে হার্ডকপি জমা দেয়া সম্ভব না হলে প্রস্তাবনার অগ্রিম কপি আইআরটি'র ইমেইল এ প্রেরণ করতে হবে। প্রস্তাবিত বাজেট অবশ্যই ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

গুরুত্বপূর্ণ তথ্যাদিঃ

১. আইআরটি'র নির্ধারিত Proforma অনুসরণ পূর্বক গবেষণা প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করতে হবে। অন্যথায় গবেষণা প্রকল্পটি বাতিল বলে গণ্য হবে। এমএস/ এমবিএ ছাত্র থাকলে তার নাম, প্রোফাইলসহ প্রেরণ করতে হবে।
২. ইতোপূর্বে গবেষণা প্রকল্পে অনুদান পেয়ে থাকলে তার চূড়ান্ত প্রতিবেদন ও বিল/ভাউচার পেন্ডিং থাকলে তাঁর আবেদন বিবেচনা করা হবে না। ২০১৯-২০ অর্থবছরের গবেষণা প্রকল্পের Abstracts আইআরটি'র ইমেইল এ (directorirt@gmail.com) প্রেরণ করতে হবে।
৩. প্রকল্প পরিচালক ও গবেষণা সহকারীর সম্মানী ফরম, শ্রমিক বিল ফরম, সি.এস ফরম এবং ভ্রমণ সংক্রান্ত সকল ধরনের ফরম আইআরটি'র ওয়েবসাইটে (<http://irthstu.com/>) দেয়া আছে। IRT and UGC প্রকল্প সমূহের সমন্বয়ের জন্য এই সকল ফরমের কোন রকম পরিবর্তন গ্রহণযোগ্য হবে না।
৪. যে কোন বিষয়ে তথ্য জানতে চাইলে গবেষণা কর্মকর্তার (০১৭৪১৬৬২৬২০) সঙ্গে যোগাযোগের অনুরোধ করা হলো। গবেষণা অনুদান সংক্রান্ত সকল তথ্য ও বিজ্ঞপ্তি সম্পর্কে আইআরটি'র ওয়েবসাইট (<http://irthstu.com/>) থেকে জানা যাবে।
৫. নির্ধারিত তারিখের পর প্রাপ্ত গবেষণা প্রস্তাব বা অসম্পূর্ণ গবেষণা প্রস্তাব বিবেচনার জন্য গণ্য হবে না।

ধন্যবাদান্তে

১২/৭/২০২০

(প্রফেসর ড. মোঃ তারিকুল ইসলাম)

পরিচালক (আইআরটি)

ফোনঃ ০৫৩১৫১৬১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। ডীন মহোদয়, ----- (সকল বিভাগে প্রচারের অনুরোধসহ)।
- ২। বিভাগীয় চেয়ারম্যান, ----- (সকল শিক্ষকদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৩। পি এ স টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
- ৪। পি এ টু ট্রেজারার (মাননীয় ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
- ৫। পি এ টু রেজিস্ট্রার (মাননীয় রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
- ৬। অফিস কপি।